DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) □ তৈরি: 13 Sep 2026, 04:38 PM

অর্থনীতি

# স্বতন্ত্র নারী পরিচালক নিয়োগের সময় বাড়াল বিএসইসি

প্রতিবেদক: অর্থনীতি ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM




ছবি সংগৃহীত

পুঁজিবাজারে তালিকাভুক্ত কোম্পানিগুলোর পরিচালনা পর্ষদে নারী স্বতন্ত্র পরিচালক নিয়োগের সময়সীমা আরও এক বছর বাড়িয়েছে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)।

নতুন সিদ্ধান্ত অনুযায়ী, এ নিয়োগ সম্পন্ন করার সর্বশেষ সময়সীমা নির্ধারণ করা হয়েছে চলতি বছরের ৩১ ডিসেম্বর।

রোববার (২৬ জুলাই) এ সংক্রান্ত এক নির্দেশনা জারি করেছে বিএসইসি।

কমিশনের নির্দেশনায় বলা হয়, করপোরেট গভর্ন্যান্স কোড ২০১৮-এর শর্ত অনুযায়ী, তালিকাভুক্ত কোম্পানির পরিচালনা পর্ষদে নারী স্বতন্ত্র পরিচালক নিয়োগ বাধ্যতামূলক। এর আগে কমিশনের বিভিন্ন প্রজ্ঞাপন ও নির্দেশনার আলোকে এ নিয়োগের সময়সীমা ৩১ ডিসেম্বর ২০২৫

পর্যন্ত নির্ধারণ করা হয়েছিল।

সর্বশেষ সিদ্ধান্তে কমিশন ওই সময়সীমা আরও এক বছর বাড়িয়ে ৩১ ডিসেম্বর ২০২৬ পর্যন্ত নির্ধারণ করেছে। একই সঙ্গে কমিশনের এ সিদ্ধান্ত সংশ্লিষ্ট সব পক্ষের কাছে দ্রুত পৌঁছে দিতে দেশের স্টক এক্সচেঞ্জগুলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেওয়া হয়েছে।

বিএসইসির এ সিদ্ধান্তের ফলে যেসব তালিকাভুক্ত কোম্পানি এখনো পরিচালনা পর্ষদে নারী স্বতন্ত্র পরিচালক নিয়োগ সম্পন্ন করতে পারেনি, তারা নতুন নির্ধারিত সময়সীমার মধ্যে এ শর্ত পরিপালনের সুযোগ পাবে।

---


## এ বিভাগের আরও খবর



**ভারতকে ছাড়িয়ে বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম বাণিজ্যিক অংশীদার যুক্তরাষ্ট্র**
ভারতকে পেছনে ফেলে এখন বাংলাদেশের দ্বিতীয় বৃহত্তম বাণিজ্য অংশীদার হয়ে উঠেছে যুক্তরাষ্ট্র। আর বাংলাদেশের বৃহত্তম বাণিজ্য অংশীদারের সর্বোচ্চ খে...



**রাষ্ট্রায়ত্ত ৬ ব্যাংকে খেলাপি ঋণ প্রায় দেড় লাখ কোটি টাকা: অর্থমন্ত্রী**
রাষ্ট্রায়ত্ত ছয় ব্যাংকের খেলাপি ঋণের পরিমাণ প্রায় দেড় লাখ কোটি টাকা বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী।রবিবার (৬ সেপ্টেম্বর...



**গার্মেন্টস শিল্পে বিদেশি কর্মকর্তা ছাড়াই শতভাগ দেশি কর্মসংস্থান সম্ভব: মাহদী আমিন**
গার্মেন্টস শিল্পে বিদেশি কর্মকর্তা ছাড়াই শতভাগ দেশি কর্মসংস্থান সম্ভব বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রীর উপদেষ্টা ও তাঁর কার্যালয়ের মুখপাত্র...




**পাঁচ বছরে বাংলাদেশে আরও ৫ বিলিয়ন ডলার বিনিয়োগ আনবে অ্যামচ্যাম**

আগামী পাঁচ বছরে বাংলাদেশে অতিরিক্ত ৫ বিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ আনতে সরকার ও আমেরিকান চেম্বার অব কমার্স ইন বাংলাদেশ (অ্যামচ্যাম) একসঙ্গে...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/economy/sbtntr-nari-prichalk-nipger-smj-badal-biesisi